

তারিখঃ ২০/০৫/২০২৬ (পৃঃ ১২)

## নবাবগঞ্জে জিংকসমৃদ্ধ ব্রি- ১০২ ধানের বাম্পার ফলন

যুগান্তর প্রতিবেদন, নবাবগঞ্জ (ঢাকা)

নবাবগঞ্জ উপজেলায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত নতুন জাতের উচ্চফলনশীল ধান ব্রি-১০২ এর বাম্পার ফলন হয়েছে। 'পার্টনার' প্রকল্পের আওতায় নবাবগঞ্জ উপজেলা কৃষি অফিসের সহযোগিতায় চাষ করা এই ধানের ফলন ও গুণগত মান দেখে কৃষকদের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, ২+০২৫-২৬ রবি মৌসুমে কান্দামাত্রা ব্লকের ৩ জন চাষিকে বীজ, প্রশিক্ষণ ও প্রয়োজনীয় উপকরণ দিয়ে একটি প্রদর্শনী খামার গড়ে তোলা হয়। উচ্চফলনশীল এই ধান প্রতি শতকে প্রায় ১ মন হারে উৎপাদিত হচ্ছে। চাল সরু হওয়ায় বাজারে এর চাহিদাও অনেক বেশি। সোমবার সকালে বাহা ইউনিয়নের কান্দামাত্রা ব্লকে এই ধান খেত পরিদর্শন করেন নবাবগঞ্জ উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা সীমা মণ্ডল। সরেজমিন দেখা যায়, নবাবগঞ্জ উপজেলার বাহা ইউনিয়নের আলগীচরচকে ব্রি-১০২ ধানের চাষ করে কৃষক শরিফ আনোয়ার ২ একর কৃষি জমিতে গুই জাতের বোরো ধানের চাষ করে সফল হয়েছেন। তিনি বলেন, নবাবগঞ্জ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে এই প্রদর্শনী পেয়েছি। এখানে ২ একর কৃষি জমিতে ব্রি-১০২ জাতের ধান চাষ করেছি। ফলনও ভালো হয়েছে, প্রচলিত সেচ পদ্ধতির তুলনায়

সেচ কম দিতে হয়েছে বলে উৎপাদন খরচ অপেক্ষাকৃত কম হয়েছে।

নবাবগঞ্জ উপজেলা কৃষি কর্মকর্তা আসমা জাহান এই ধানের বিশেষত্ব তুলে ধরে বলেন, হাইব্রিড ধানের বীজ কৃষকরা সংরক্ষণ করতে পারেন না, কিন্তু ব্রি-১০২ একটি উফশী জাত হওয়ায় এর বীজ কৃষকরা নিজেই সহজে সংরক্ষণ করতে পারবেন। এতে বীজের পেছনে অতিরিক্ত খরচ কমবে এবং কৃষকরা স্বাবলম্বী হবেন। ধান কাটার এই উৎসবে উপসহকারী কৃষি কর্মকর্তাসহ এলাকার শতাধিক কিসান-কিসানি উপস্থিত ছিলেন।